

বাংলাদেশ পর্যটন করপোরেশন
পর্যটন ভবন, প্রধান কার্যালয়
প্রশাসন শাখা
প্লট: ই-৫, সি/১, পশ্চিম আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

বাংলাদেশ পর্যটন করপোরেশন এর আইসিটি শাখা পরিদর্শন প্রতিবেদন:

- ১। পরিদর্শনকারী কর্মকর্তা : মোহাম্মদ সফিউজ্জামান ভূইয়া
মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) বাপক, ঢাকা।
- ২। পরিদর্শন তারিখ : ২২ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ।
- ৩। সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর ১৯৩ অনুচ্ছেদ মোতাবেক নিম্নস্বাক্ষরকারী কর্তৃক আইসিটি শাখা পরিদর্শন করা হয়।
- ৪। আইসিটি শাখার রেজিস্টার পর্যবেক্ষণ: আইসিটি শাখার দাপ্তরিক কার্য নির্বাহের জন্য বিভিন্ন রেজিস্টারসমূহ পরীক্ষা করা হয় এবং সেগুলো সঠিক পাওয়া যায়।
- ৫। আইসিটি শাখার মালামাল পর্যবেক্ষণ: আইটি পণ্যের গুণগতমান যাচাই করে সঠিক পাওয়া যায়।
- ৬। আইসিটি শাখায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের তালিকা:

ক্রমিক	নাম	পদবী
০১	জনাব মোহাম্মদ এহসানুল কবীর	ব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব)
০২	জনাব মো: আব্দুছ হামী	সহকারী নির্বাহী কর্মকর্তা
০৩	জনাব মো: আলাউদ্দিন	সহকারী বুসবয়

- ৭। আইসিটি শাখা পরিদর্শনকালে প্রাপ্ত আসবাবপত্র ও অফিস সরঞ্জামাদিসমূহ পরীক্ষান্তে সঠিক পাওয়া যায়।
- ৮। আইসিটি শাখা পরিদর্শনকালে ডাটা সেন্টারের সরঞ্জামাদিসমূহ পরীক্ষান্তে সচল পাওয়া যায়।
- ৯। কাজের পরিবেশ (Working Environment): বাপক প্রধান কার্যালয়ের ৬ষ্ঠ তলার পশ্চিম পাশে আইসিটি শাখা অবস্থিত। কাজের পরিবেশ ভালো।
- ১০। নিরাপত্তা ও শৃঙ্খলা (Security & Discipline): সার্ভার কক্ষের সম্মুখে স্বয়ংক্রিয় অগ্নি নিরোধক যন্ত্রাংশ ও ফায়ার এলার্ম স্থাপন করা হয়েছে। আইসিটি শাখায় নিরাপত্তা ব্যবস্থা সন্তোষজনক।

১১। সমস্যাবলী:

- ক) ব্যবস্থাপক এর জন্য ১টি কক্ষ রয়েছে। অপরদিকে অফিস রুমটি উন্মুক্ত অবস্থায় রয়েছে। এতে আইসিটি শাখা অফিসে ক্ষুদ্র ক্ষুদ্র মূল্যবান আইসিটি যন্ত্রাংশ উন্মুক্ত অবস্থায় থাকে। সে প্রেক্ষিতে শাখায় রক্ষিত ল্যাপটপ ও অন্যান্য মূল্যবান আইটি মালামাল হারিয়ে যাওয়ার আশংকা রয়েছে।
- খ) আইসিটি মালামাল সংরক্ষণের জন্য একটি অফিস কক্ষ কাম আইটি স্টোর প্রয়োজন। আইটি স্টোর রুম না থাকায় ডাটা সেন্টারের অভ্যন্তরে বর্ণিত আইটি মালামাল সংরক্ষণ করা হচ্ছে। এতে ডাটা সেন্টার অপরিচ্ছন্ন হয়ে পড়ছে। এর ফলে ডাটা সেন্টার ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে।

১২। সুপারিশ ও মতামতসমূহ:

- ক) শাখার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য জরুরী ভিত্তিতে একটি অফিস কক্ষ গ্লাস দ্বারা স্থাপন করা প্রয়োজন।

খ) সংস্থার প্রধান কার্যালয়ে একটি আইসিটি ল্যাব স্থাপন করা প্রয়োজন। এতে কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানে সুবিধা হবে। একইসাথে আইটি জ্ঞান বৃদ্ধি পাবে ও কাজের গতিশীলতা বৃদ্ধি পাবে।

১৩। সার্বিক মন্তব্য:

আইসিটি শাখার সার্বিক কার্যক্রম সন্তোষজনক।

০৬/০১/২০২২
মোহাম্মদ সফিউজ্জামান ভূইয়া
উপসচিব
মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)

স্মারক নং-০০.০৩২.০১৮.২০.০১.০৭৬.২০১৪/৬

পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
তারিখ: _____
জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি:

- ১) ব্যবস্থাপক, অতিরিক্ত দায়িত্ব (আইসিটি), বাপক, ঢাকা;
- ২) একান্ত সচিব, বাপক, ঢাকা-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য;
- ৩) ব্যক্তিগত সহকারী, পরিচালক (অর্থ ও প্রশাসন/বাণিজ্যিক/পরিকল্পনা), বাপক, ঢাকা-পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
- ৪) সংশ্লিষ্ট নথি।

০৬/০১/২০২২
মোহাম্মদ সফিউজ্জামান ভূইয়া
উপসচিব
মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)